



কোরআন শিক্ষার প্রসারে সরকারের উদ্যোগ থাকবে: রাষ্ট্রপতি



ছবি: সংগৃহীত

দেশে কোরআন শিক্ষা ও ধর্মীয় চর্চাকে আরও বিস্তৃত করতে সরকার কাজ করবে বলে জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আন্তর্জাতিক প্রতিযোগিতায় সফল কোরআন হাফেজ ও শিক্ষার্থীদের সম্মানিত করার উদ্যোগও নেওয়া হবে বলে জানান তিনি।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) দুপুরে বঙ্গভবনে ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক পবিত্র কোরআন প্রতিযোগিতায় বিজয়ীদের সঙ্গে সৌজন্য সাক্ষাতে এসব কথা বলেন রাষ্ট্রপতি। বিশ্বের ১৩৩টি দেশের প্রতিযোগীদের পেছনে ফেলে বাংলাদেশি প্রতিযোগীদের সাফল্য অর্জনকে দেশের জন্য গর্বের বিষয় উল্লেখ করে রাষ্ট্রপতি বিজয়ীদের পাশাপাশি তাদের শিক্ষক, অভিভাবক ও শিক্ষাপ্রতিষ্ঠানকে অভিনন্দন জানান।

দেশে ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মচর্চা এগিয়ে নিতে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নেওয়া বিভিন্ন উদ্যোগের কথাও স্মরণ করেন তিনি। রাষ্ট্রপতি বলেন, ধর্মীয় শিক্ষার প্রসার এবং হাফেজ-আলেমদের যথাযথ মর্যাদা নিশ্চিত করতে বর্তমান সরকারও প্রতিশ্রুতিবদ্ধ।